

## রাজধানীতে আরো দুটি মেডিকেল কলেজ হাসপাতাল স্থাপিত হবে

কাগজ প্রতিবেদক : স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী ড. বন্দুকার মোশাররফ হোসেন বলেছেন, সরকার নতুন একটি জাতীয় মেডিকেল বিশ্ববিদ্যালয় ও ঢাকা শহরে দুটি মেডিকেল কলেজ হাসপাতাল স্থাপনের পরিকল্পনা নিয়েছে। এ ছাড়া দেশের প্রতিটি ইউনিয়নে একটি করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র স্থাপন করা হবে।

গতকাল মঙ্গলবার সংসদে প্রশ্নোত্তর পরে সাংসদের প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন। সাংসদ আব্দুসসাদ মোঃ শাহাদাত হোসেনের এক প্রশ্নের জবাবে স্বাস্থ্যমন্ত্রী জানান, দেশে বর্তমানে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় নামে একটি মেডিকেল বিশ্ববিদ্যালয় রয়েছে। ইতিমধ্যে জাতীয় মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপনের সুস্বাভাব্য যাচাই সংক্রান্ত একটি জাতীয় পর্যায়ের কমিটি গঠন করা হয়েছে। কমিটি সংশ্লিষ্ট বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করে একটি অতর্কিতকালীন প্রতিবেদন দাখিল করেছে। আরো বিস্তারিত পরীক্ষা-নিরীক্ষার পর স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন দাখিল করার পর তা বাস্তবায়নের ব্যবস্থা করা হবে।

সাংসদ মিজা আজমের অপর এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, বর্তমানে দেশে ১৩টি মেডিকেল কলেজ রয়েছে। সরকারের আর্থিক অপ্রতুলতা সত্ত্বেও চাহিদার কারণে ঢাকা শহরের দক্ষিণে (বাসাবো ও বিলগাঁও) এবং উত্তরে (বহুতর মিরপুর এলাকা) ৫০০ শয্যা বিশিষ্ট দুটি মেডিকেল কলেজ স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

সাংসদ মিজানুর রহমান চৌধুরীর এক প্রশ্নের জবাবে স্বাস্থ্যমন্ত্রী জানান, এইডস রোগী, চিকিৎসার জন্য আলাদা কোনো হাসপাতাল নির্মাণের পরিকল্পনা নেই। মন্ত্রী বলেন, এইডস রোগের এখনো পর্যন্ত কোনো চিকিৎসা নেই। কারো এইডস হলে মৃত্যু অবধারিত। পৃথিবীতে এ রোগ মহামারী আকারে দেখা দিয়েছে। কোনো কোনো দেশে ৪০ শতাংশ লোক এ রোগে আক্রান্ত হলে বাংলাদেশে সরকারি হিসাব অনুযায়ী এইডস আক্রান্তের সংখ্যা ৬ পর্যন্ত

মাত্র ২৪৮ জন। অবশ্য অনেকে হয়তো সামাজিক কারণে এ রোগে আক্রান্ত হলেও কাউকে জানান না। সরকার এইডস প্রতিরোধে গণসচেতনতা সৃষ্টির পরিকল্পনা নিয়েছে।

৭ বছরে লক্ষ দুর্ঘটনার নিহত ১১৫৫ জন

গত ১৯৯৬ সাল থেকে ২০০২ সাল পর্যন্ত ৯৬টি লক্ষ দুর্ঘটনায় ১১৫৫ জন নিহত হয়েছেন। এর মধ্যে ২০০১ সালের অক্টোবর পর্যন্ত ৬৫টি দুর্ঘটনায় ৮২১ জন এবং ২০০১ সাল থেকে ২০০৩-এর ১৯ ফেব্রুয়ারি পর্যন্ত ৩১টি দুর্ঘটনায় ৩৩৪ জন নিহত হন।

সাংসদ জি এম কাদেরের এক প্রশ্নের জবাবে নৌপরিবহনমন্ত্রী লে. কর্নেল (অব.) আকবর হোসেন গতকাল সংসদে এ তথ্য দেন।